গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের
MRT Line-6 এর ডিপো এরিয়ার ক্ষতিগ্রস্তদের জন্য ক্ষতিপূরণ ও পুনর্বাসন পুস্তিকা

মে, ২০১৬

প্রকাশনায় :
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন (১৪তলা)
ইস্কাটন গার্ডে ন রোড
ঢাকা-১০০০।

সহযোগিতায় :
রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (আরএসি)
ক্রিশ্চিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি)
৮৮, সেনপাড়া পর্ব তা মিরপুর-১০, ঢাকা-১২১৬।

পরামর্শ ক্রমে:
জেনারেল কনসালট্যান্ট (জিসি)
এন কে ডি এম এসোসিয়েশন
বাড়ী নং-৮বি, রোড নং-২৯
গুলশান-১, ঢাকা।

প্রকাশকাল: মে, ২০১৬

সূচিপত্র

০১। ভূমিকা
০২। প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদি
০৩। ডিপো এলাকায় প্রকল্পের ভূমি বরাদ্দের চিত্র
০৪। ডিপো এলাকায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জন্য গৃহীত নীতিমালা
০৫। ডিপো নির্মাণ এলাকায় ক্ষয়-ক্ষতি নিরসনে গৃহীত পদক্ষেপসমূহ
০৬। পুনর্বাসন কার্য ক্রম বাস্তবায়ন পদ্ধতি
০৭। পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা
০৮। কিভাবে ক্ষতিগ্রস্ত অভিযোগকারীর অভিযোগ নিরসন করা হবে
০৯। প্রাপ্যযোগ্য ক্ষতিগ্রস্তদের (EPs) জ্ঞাতব্য
১০। ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের জন্য প্রনীত আইন

## Acronyms

CCDB-Christian Commission for Development in Bangladesh
CMV-Current Market Value
EP-Entitled Person
GRC-Grievance Redress Committee
JICA-Japan International Cooperation Agency
JVC-Joint Verification Committee
MSC-Milestone School and College
PAPs- Project Affected Person
PD-Project Director
PVAC- Property Value Assessment Committee
PWD- Public Works Department
RAC-Resettlement Assistance Consultant
RAP-Resettlement Action Plan
RV-Replacement Value
SDG-Structure Demolition Grant
SES-Socio-Economic Survey
SRG-Structure Reconstruction Grant
URG-Utility Relocation Grant

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের ক্ষতিগ্রস্তদের জন্য পুনর্বাসন কর্ম-পরিকল্পনা, ক্ষতিপূরণ ও পুনর্বাসন সম্পর্কীয় তথ্য ও করণীয়।

**১। ভূমিকা**

ঢাকা মহানগরীর বিশাল জনগোষ্ঠীর যাতায়াতের জন্য দক্ষ, কার্যকর ও দ্রুতগামী পরিবহন ব্যবস্থা চালু করা, গণ পরিবহনের সুবিধাদির আধুনিকায়ন ও নগর পরিবহন ব্যবস্থা অধিকতর নিরাপদ ও পরিবেশ বান্ধব করার উদ্দশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাইকার সহায়তায় উত্তরা ৩য় ফেইজ থেকে পল্লবী-মিরপুর-১০-কাজীপাড়া-শেওড়াপাড়া-আগারগাঁও-ফার্মগেট-শাহবাগ-ঢাকা বিশ্ববিদ্যালয়- বাংলাদেশ সচিবালয় হয়ে মতিঝিল পর্যন্ত মোট২০ কি.মি. এলিভেটেড মেট্রো রেল (এমআরটি লাইন-৬) বাস্তবায়নের কাজ শুরু করেছে। এমআরটি লাইন-৬ হবে বাংলাদেশে প্রথম দ্রুতগতি ও উচ্চ ক্ষমতা সম্পন্ন গণপরিবহন ব্যবস্থা যা প্রতি ঘণ্টায় উভয়দিকে প্রায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম হবে। শুরু থেকে শেষ পর্যন্ত যাতায়াতের সময় হবে মাত্র৩৮ মিনিট। প্রতি ৪.৫ মিনিট পর পর ট্রেন যাওয়া-আসা করবে। ঢাকা ও পার্শ্ববর্তী এলাকায় মেট্রোরেল ব্যবস্থা স্থাপনের জন্য মহান জাতীয় সংসদে ২০১৫ সালের ২৬ জানুয়ারি মেট্রো রেল আইন পাস হয়েছে। মেট্রোরেল নির্মিত হলে ঢাকা শহরের গণপরিবহন ব্যবস্থা উন্নত ও আধুনিক হবে, যানজট অনেকাংশে হ্রাস পাবে, ভ্রমণ নিরাপদ হবে ও সময় সাশ্রয়ী হবে। ফলে, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে এবং যানবাহনের ধোঁয়া কমে যাওয়ার কারণে পরিবেশের ব্যাপক উন্নয়ন সাধিত হবে।

প্রকল্পটি Early Commissioning এর জন্য ডিসেম্বর, ২০১৯ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।এই প্রকল্পের জন্য উত্তরা ৩য় ফেইজে একটি ডিপো নির্মাণ করা হবে।এর মধ্যে ডিপো নির্মাণে প্রয়োজনীয় ২৩.৮৪ হেক্টর (৫৮.৯১ একর) জমি রাজউক হতে বরাদ্দ নেয়া হয়েছে এবং ডিএমটিসি-র অনুকূলে ভূমি রেজিস্ট্রেশন সম্পাদন পূর্বক নামজারী করা হয়েছে।

**০২। প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদি**

| | |
|---|---|
| **প্রকল্পের নাম** | **:** ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (DMRTDP) |
| প্রকল্প বাস্তবায়নকারী | : ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড |
| মন্ত্রণালয়ের নাম | : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| বিভাগ | : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| নিয়ন্ত্রণকারী সংস্থা | : ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) |
| প্রকল্প ব্যয় | : ২১,৯৮৫.০৭ কোটি টাকা (প্রকল্প সাহায্য ১৬,৫৯৪.৫৯ ও জিওবি ৫,৩৯০.৪৮ কোটি টাকা) |
| অর্থায়ন | : বাংলাদেশ সরকার ও Japan International Cooperation Agency (JICA) |
| মেট্রোরেলের দৈর্ঘ্য | : ২০ কিলোমিটার |
| অবকাঠামোর ধরণ | : এলিভেটেড |
| রুট এলাইনমেন্ট | : উত্তরা ৩য় ফেইজ –পল্লবী-রোকেয়া সরণির পশ্চিম পাশ দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর-প্রেসক্লাব-বাংলাদেশ ব্যাংক পর্যন্ত। |
| স্টেশনের সংখ্যা | : ১৬ টি |
| স্টেশনের নাম | : উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০, কাজীপাড়া, শেওড়াপাড়া, আগারগাঁও, বিজয় সরণি, ফার্মগেট, কারওয়ান বাজার, শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় এবং মতিঝিল। |
| যাত্রী পরিবহনের ক্ষমতা | : প্রতিঘন্টায় উভয় দিকে ৬০ হাজার |
| যাতায়তের সময় | : ৩৮মিনিট (উত্তরা থেকে মতিঝিল) |
| ট্রেনের সময় | : ৪.৫ মিনিট (দুইটি ট্রেনের মধ্যে সময়) |
| মেট্রোরেলের যাত্রা শুরু | : ২০১৯ সাল |
| প্রকল্পের সময়কাল | : জুলাই ২০১২-জুন ২০২৪ |
| মেট্রোরেল পরিচালনায় | : ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) |

### ০৩। ডিপো এলাকায় ভূমি অধিগ্রহণের চিত্র

- ডিপো নির্মাণের জন্য প্রয়োজনীয় ২৩.৮৪ হেক্টর (৫৮.৯১ একর) জমি রাজউক হতে বরাদ্দ নেয়া হয়েছে। ডিপো এলাকার ভূমি উন্নয়নের জন্য ২৭ মার্চ,২০১৬ তারিখে Tokyu Construction Co. Ltd. এর সাথে DMTC-র চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ডিপো নির্মাণের Bid Document প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- প্রকল্পে ও ডিপো নির্মাণের জন্য এ পর্যন্ত কোনো ব্যক্তমালিকানাধীন জমি অধিগ্রহণ করা হয়নি।

### ০৪। ডিপো এলাকার জন্য পুনর্বাসন নীতিমালা

ডিপোর জন্য নির্ধারিত এলাকার (RoW)-র মধ্যে অবস্থিত কয়েকটি অস্থায়ী ক্ষুদ্র দোকান ক্ষতিগ্রস্ত হবে। এছাড়া ডিপো এলাকায় Sand Compaction ও Dynamic Compaction Pilling এর কারণে ডিপো সীমানা হতে ১৮ মিটারের মধ্যে অবস্থিত আবাসিক, বাণিজ্যিক, শিক্ষা প্রতিষ্ঠান, ইত্যাদি স্থাপনাসমূহ ক্ষতিগ্রস্ত হবে। ১৮-৭৮ মিটারের মধ্যে কিছু স্থাপনার ব্যবহার ডিপো নির্মাণকালীন বন্ধ রাখার কারনে সেগুলো আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হবে। এই ক্ষতিগ্রস্ত সম্পদের যুক্তিযুক্ত ক্ষতিপূরণ প্রদান ইতোমধ্যে একটি পুনর্বাসন নীতিমালা প্রস্তুত করা হয়েছে। উক্ত পুনর্বাসন নীতিমালার আলোকে ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষতিপূরণ সংক্রান্ত বিভিন্ন তথ্য ও ধারণা দেওয়ার জন্য এ সহায়িকাটি প্রণয়ন করা হয়েছে।

### ৪.১। ডিপো এলাকায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে গৃহীত নীতিমালা

- ডিপো নির্মাণে কোন ব্যক্তিগত জমি অধিগ্রহণ করা হয় নি। তবে, ডিপো এলাকায় যে সকল স্কোয়ার্টার(অননুমোদিতভাবে সরকারি জায়গায় বসবাসকারী) ঘর-বাড়ি, স্থাপনা, গাছপালা,ইত্যাদি হারাবেন তাদের ক্ষতিপূরণ প্রদান করা হবে। ব্যবসা প্রতিষ্ঠানের কোন কর্মচারীর আয় ক্ষতিগ্রস্ত হলে তাদেরকেও ক্ষতিপূরণ প্রদান করা হবে।
- ডিপো নির্মাণের সময় কম্পনের কারণে ডিপো এলাকার সীমানা হতে ১৮ মিটার দূরত্বের অবকাঠামোর ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রকল্প থেকে প্রদান করা হবে এবং নির্মাণকালীন সময় ব্যবহার স্থগিত অবকাঠামোর প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রকল্প থেকে প্রদান করা হবে।
- অবকাঠামো, স্থাপনা অপসারণ ও জমি খালি করার পূর্বেই শনাক্তকৃত সকল মালিক ও প্রাপ্যযোগ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ক্ষতিপূরণ দেয়ার ব্যবস্থা নেয়া হবে।

### ০৫। ডিপো নির্মাণে ক্ষয়ক্ষতি নিরসনে গৃহিত পদক্ষেপসমূহ

- **পুনর্বাসন কর্ম-পরিকল্পনা (Resettlement Action Plan-I বা RAP-I)**

- এই প্রকল্পের ডিপো নির্মাণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জন্য প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক একটি পুনর্বাসনকর্ম-পরিকল্পনা (Resettlement Action Plan-I বা RAP-I) প্রণয়ন করা হয়েছে। Resettlement Assistance Consultant (RAC) CCDB এর সহায়তায় জেনারেল কনস্যালট্যান্ট NKDM ও DMTC-র পরামর্শক্রমে জাইকার সম্মতিতে DMTC বোর্ড কর্তৃক উক্ত RAP-I অনুমোদিত হয়েছে। পুনর্বাসন কর্ম পরিকল্পনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের জন্য সুনির্দিষ্ট দিকনির্দেশনা রয়েছে।

- **ক্ষতিপূরণে সহায়তাকারী সংস্থাসমূহ**

- পুনর্বাসন কাজে সহায়তা প্রদানের জন্য কর্তৃপক্ষ Resettlement Assistance Consultant (RAC) হিসেবে একটি বেসরকারি প্রতিষ্ঠান সিসিডিবি (ক্রিশ্চিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ) কে নিয়োগ দিয়েছে। উক্ত প্রতিষ্ঠান জানুয়ারী/২০১৫ হতে কার্যক্রম পরিচালনা করছে।
- এছাড়া পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ প্রয়োজন অনুযায়ী সহযোগিতা প্রদান করবে।

- ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানীর জেনারেল কনসালট্যা NKDM Association MRT Line-6 বাস্তবায়নে সর্ব াত্মকসহায়তা প্রদান করছে। NKDM Safeguard ইউনিটের কনসালট্যান্টগন ডিএমটিসি ও আরএসি কে পরামর্শ প্রদান করেথাকে।
- এই প্রকল্পের Development Partner JICA Resettlement Action Plan প্রণয়নে পরামর্শ প্রদান করে থাকে এবং তাদের সম্মতিক্রমে Resettlement Action Plan-I (RAP-I) গৃহিত হয়েছে।

- **ক্ষতিগ্রস্তরা কি ধরনের ক্ষতিপূরণ সহায়তা পাবেন?**

- ডিপো নির্মা ণ এলাকার জন্য প্রনীত পুনর্ব াসন পরিকল্পনা (RAP-I) অনুসারে ক্ষতিপূরণ সহায়তা প্রদান করা হবে। পুস্তিকার এই অংশে পুনর্ব াসন কর্ম পরিকল্পনা (RAP-I) এর নীতিমালায় বর্ণি তক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের সুবিধাদি সম্পর্কে বলা হয়েছে।

**ডিপো এলাকার PAPs এর ক্ষতিপূরণ ও অনুদান সহায়তা প্রাপ্তির কাঠামো (এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স) নিম্নরূপ:**

| ক্ষতিগ্রস্ত ব্যক্তি/প্রাপ্যযোগ্য ব্যক্তি (গণ) | প্রাপ্যতাসমূহ | বাস্তবায়ন নির্দে শিকা | দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা |
|---|---|---|---|
| **ক্ষয়ক্ষতির ধরণ-১: মালিকানাভূক্ত বা মালিকানাবিহীন বর্তমান জমির ওপর সকল ধরনের অবকাঠামো** | | | |
| অবকাঠামোর আইনসঙ্গত মালিক অথবা সামাজিকভাবে স্বীকৃত মালিক | ১) অবকাঠামোর বর্তমান বাজার মূল্য (CMV) | প্রকল্প কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্ত অবকাঠামোর প্রাক্কলন তৈরী করার জন্য গণপূর্ত অধিদপ্তর (PWD) কে অনুরোধ করবে।<br><br>প্রকল্প কর্তৃপক্ষ উক্ত প্রাক্কলন মূল্যায়ন ও সুপারিশের জন্য Property Value Assesment Committee (PVAC)- র কাছে প্রেরণ করবে।<br><br>অবকাঠামোর মূল্য প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে এবং এ সংক্রান্ত একটি সরকারি আদেশ জারি করা হবে।<br><br>RAC অনুমোদিত রেট ও অবকাঠামোর পরিমাণ এর ভিত্তিতে ক্ষতিপূরণের পরিমাণ নির্ধ ারণ করবে। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি:<br>সম্পদ মূল্য যাচাই কমিটি (PVAC) ও পুর্ন বাসন সহায়তা সংস্থা (CCDB) |
| | ২) অবকাঠামোর স্থানান্তর অনুদান (STG ) | অবকাঠামো স্থানান্তর অনুদান (STG): সকল ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিক অবকাঠামো স্থানান্তর অনুদান হিসেবে ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫% পাবেন।<br><br>ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকগণ DMTC কর্তৃক দেওয়া নির্দি ষ্ট সময়ের মধ্যে সব উদ্ধারযোগ্য অবকাঠামো ও মালামাল সরিয়ে নেবেন। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি:<br>পুর্ন বাসন সহায়তা সংস্থা (CCDB) |
| | ৩) অবকাঠামোর পুনর্নির্মা ণ | অবকাঠামো পুনর্নির্মা ণ অনুদান (SRG): | ঢাকা ম্যাস ট্রানজিট |

| | | | |
|---|---|---|---|
| | অনুদান (SRG) | সকল ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিক অবকাঠামো পুন: নির্মাণ অনুদান হিসাবে ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫% পাবেন। | কোম্পানি লি: পুর্নবাসন সহায়তা ও সংস্থা (CCDB) |
| | ৪) অভ্যন্তরীণ মালামাল স্থানান্তরের খরচ | সকল স্কোয়ার্টার্সদের ক্ষতিগ্রস্ত অবকাঠামোর অভ্যন্তরীণ মালামাল স্থানান্তরের জন্য প্রতি বর্গ ফুট ১০/- টাকা (ক্ষতিগ্রস্থ অবকাঠামোর) হারে অনুদান দেয়া হবে।<br><br>সকল ভাড়াটিয়াদের ক্ষতিগ্রস্ত অবকাঠামোর অভ্যন্তরীণ মালামাল স্থানান্তরের জন্য প্রতি বর্গ ফুট ১০/-টাকা (ক্ষতিগ্রস্ত অবকাঠামোর) হারে অনুদান দেয়া হবে।<br><br>নিজস্ব জমিতে ক্ষতিগ্রস্ত সকল মালিকদের অবকাঠামোর অভ্যন্তরীণ মালামাল স্থানান্তর ও পুন:স্থানান্তরের জন্য প্রতি বর্গ ফুট ২০/- টাকা (ক্ষতিগ্রস্ত অবকাঠামোর) হারে অনুদান দেয়া হবে। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: ও পুনর্বাসন সহায়তা সংস্থা (CCDB) |
| | ৫) উপযোগ সেবার জন্য ক্ষতিপূরণ যেমন বিদ্যুৎ সংযোগ, পানি সরবরাহ লাইন , টেলিফোন লাইন ইত্যাদি পুনরায় স্থাপন খরচ। | সকল PAP ক্ষতিগ্রস্ত অবকাঠামোর চলতি বাজার দরের ৫% অনুদান পাবেন। যার/যাদের প্রাইমারি বা সম্পূর্ণ অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে তাদের সকলের জন্য এই অনুদান সমভাবে প্রযোজ্য হবে।<br><br>সেকেন্ডারি / গৌণ কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এমন কেউ এই অনুদান পাওয়ার যোগ্য হবেন না। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: পুনর্বাসন সহায়তা সংস্থা (CCDB)ও সম্পদ মূল্য যাচাই কমিটি (PVAC) |
| | ৬) কার্যক্রম সচল রাখার জন্য অবকাঠামো ভাড়ার খরচ | অনুরূপ/একই ধরনের জায়গা/অবকাঠামো ভাড়ার হার কাছাকাছি বাড়ীসমূহের উপর RAC দ্বারা পরিচালিত বাজার জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে।<br><br>ক্ষতিগ্রস্ত অবকাঠামোর আয়তনের ভিত্তিতে স্থানান্তরকালীন সময়ের ভাড়া নির্ধারণ করা হবে।<br><br>সকল প্রাথমিক / সম্পূর্ণ অবকাঠামোর মালিকদের ভাড়াকৃত স্থাপনার ভাড়ার হার উক্ত এলাকায় বিদ্যমান গড় হারের সমান হবে যা RAC দ্বারা বাজার জরিপের মাধ্যমে মূল্যায়ন করা হয়েছে।<br><br>ভাড়া দেয়ার সময়কাল হবে অবকাঠামো | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: পুনর্বাসন সহায়তা সংস্থা (CCDB) |

| | | | |
|---|---|---|---|
| | | ভেঙ্গে ফেলা/স্থানান্তর শুরু করা থেকে নূতন তৈরি করা ভবন ব্যবহার শুরু পর্যন্ত এর মধ্যবর্তী সময়কাল যা DMTC দ্বারা নির্ধারিতহবে।<br><br>প্রতি মাসে প্রতি বর্গ ফুট পাকা, আধা পাকা ও কাঁচা ক্ষতিগ্রস্ত অবকাঠামোর জন্য ভাড়া প্রদানের হার হবে যথাক্রমে ১৫টাকা, ১২টাকা ও ১০টাকা। | |
| **ক্ষয়ক্ষতির ধরণ-২: ক্ষতিগ্রস্ত অবকাঠামোর কারণে ব্যবসায় ক্ষতি** | | | |
| ক্ষতিগ্রস্ত ব্যবসার মালিক (গণ)<br><br>ক্ষতিগ্রস্ত ব্যবসায়িক অবকাঠামোর চাকুরিজীবী(গণ) | ৭) JVC দ্বারা রেকর্ডকৃত মালিক ব্যবসায়িক ক্ষতি এবং স্থানচ্যুতি অনুদান হিসেবে ছয় মাসের আয়ের সমপরিমাণ অনুদান পাবেন।<br>মাসিক আয় Social Impact Assesment (SIA) এর জন্য RAC কর্তৃক Socio Economic Survey (SES) করার সময় নিরূপণ করা হবে এবং Joint Verification Survey (JVS) এর মাধ্যমে JVC দ্বারা যাচাই করা হবে এবং PVAC কর্তৃক চূড়ান্ত করা হবে।<br><br>৮) ক্ষতিগ্রস্ত চাকুরি অনুদানঃ সাময়িকভাবে ক্ষতি পুষিয়ে দেবার জন্য অদক্ষ শ্রমিক নিয়মিত আয় প্রতিদিন ৩০০ টাকা হারে ৯০ দিনের এবং দক্ষ শ্রমিক নিয়মিত আয় প্রতিদিন ৫০০ টাকা হারে ৯০ দিনের মজুরী টাকা পাবেন। দক্ষ বা অদক্ষ JVS এর সময় জেভিসি দ্বারা নির্ধারিত হবে। | DMTC সরাসরি RAC ও PVAC-এর প্রাক্কলনের ভিত্তিতে যোগ্য স্থানচ্যুত ব্যবসায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দিবে।<br><br>RAC এর চিহ্নিত মালিকদের JVS এর মাধ্যমে JVC দ্বারা যাচাই করা হবে।<br><br>RAC এর পুনর্বাসনকর্মী দ্বারা সংগৃহীত মাসিক আয় PVAC তার নিজস্ব প্রক্রিয়ার মাধ্যমে যাচাই করবে। প্রকৃতপক্ষে, PVAC মাসিক আয় চূড়ান্তকরবে।<br><br>PAPs তাঁদের ক্ষতিগ্রস্ত ব্যবসার ছয় মাসের আয় সমতুল্য অনুদান পাবেন।<br><br>প্রাপ্য ব্যাক্তিগণ (EPs )অবশ্যই বাস্তুচ্যুত ব্যবসার একজন কর্মচারী হবেন যা জেভিসি দ্বারা যৌথ জরিপ ( JVS) চলাকালীন সময়ে চিহ্নিত করা হবে।<br><br>পুনর্বাসন সুবিধা সরাসরিRAC মাঠকর্মীদের দ্বারা সংগৃহীত এবং JVC কর্তৃক যাচাইকৃত তথ্যের ভিত্তিতে DMTC দ্বারা প্রদান করা হবে . | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: ,<br>পুনর্বাসন সহায়তা সংস্থা (CCDB) ও সম্পদ মূল্য যাচাই কমিটি(PVAC) ও যৌথ তদন্ত (JVC) কমিটি |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| **ক্ষয়ক্ষতির ধরণ-৩: ডিপো নির্মাণ সময়কালে ভবন/অবকাঠামো ব্যবহার স্থগিতের ক্ষতিপূরণ** | | | |
| অবকাঠামো / ভাড়াটিয়া / লীজ এর আইনগত মালিক | ৯) তাদের কার্য ক্রমপরিচালনার জন্য অবকাঠামো ভাড়া খরচ ১৫/- টাকা প্রতি বর্গ ফুট পাকা ভবনের ক্ষেত্রে, ১২/-টাকা প্রতি বর্গ ফুটআধাপাকা ভবনের ক্ষেত্রে, ১০/-টাকা প্রতি বর্গ ফুটকাঁচা ভবনের ক্ষেত্রে পাবেন।<br><br>১০) ব্যবহার স্থগিত ভবনের /অবকাঠামোর ভিতরের মালামাল /উপকরণ স্থানান্তরের জন্য ১০ টাকা/ বর্গফুট হারে প্রাপ্য হবেন। | ক্ষতিপুরণ দেয়া হবে অবকাঠামোর এমন আয়তনের পরিমাণের জন্য যা ব্যবহার স্থগিত অবকাঠামোর আয়তনের বেশি হবে না।<br><br>DMTC কর্তৃক যে সময়ের জন্য ভবনের ব্যবহার স্থগিত থাকবে, সেই সময়ের জন্য অবকাঠামোর ভাড়ার টাকা দেয়া হবে।<br><br>এই ধরনের অবকাঠামোর ক্ষেত্রে ভিতরের মালামাল সরানোর জন্যে ভাড়াটিয়া/স্কোয়ার্টর্স প্রতি বর্গ ফুট ১০/- টাকা হারে ক্ষতিপূরণ পাবেন।<br><br>নিজস্ব জমিতে অবকাঠামোর ব্যবহারকারী মালিক ভিতরের মালামাল স্থানান্তর ও পুনঃস্থানান্তরের জন্যে প্রতি বর্গ ফুট২০/- টাকা হারে ক্ষতিপূরণ পাবেন। | |
| **ক্ষয়ক্ষতির ধরণ-৪: অপ্রত্যাশিত/অজানা বিষয় : RAP বাস্তবায়নের সময় নতুন কোন ক্ষতির বিষয় উত্থাপিত হলে।** | | | |
| অন্যান্য সব ধরণের ক্ষতির বা নেতিবাচক (অপ্রত্যাশিত/অজানা) প্রভাবের ক্ষতিপূরণ / অনুদান | ১১) RAC এবং PVAC এর সাথে পরামর্শ ক্রমেGRC দ্বারা এনটাইটেলমেন্টসমূহ নির্ধারণ করা হবে। | নগদ ক্ষতিপূরণের পরিমাণ PAPs এবং অন্যান্য প্রাসঙ্গিক ব্যক্তিদের সাথে পরামর্শ ক্রমে RAC দ্বারা নির্ধারণ করা হবে এবং PVAC দ্বারা সুপারিশ করা হবে । প্রকল্প কর্তৃপক্ষ তা অনুমোদন করবে এবং এটার জন্য অফিস আদেশ জারি করবে। | |

০৬। পুনর্বাসন কর্মক্রম বাস্তবায়ন পদ্ধতি

- **ক্ষতিগ্রস্ত ব্যক্তিগন (PAPs)**

- ক্ষতিগ্রস্ত ব্যক্তিগন (**PAPs**) হলেন তাঁরা, প্রকল্পের কারণে যাঁদের জমি, বাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান, গাছপালা, ফসল, পুকুর, মাছ ইত্যাদি বা জীবিকার ক্ষতি হয়েছে এমন ক্ষতিগ্রস্ত ব্যক্তি/ ব্যক্তিগণ/ সংস্থা ।

- **ইপি (EP)**

- ক্ষতিপূরণ প্রদাণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের (**PAPs**) মধ্যে যাঁরা প্রকল্প হতে ক্ষতিপুরণপাওয়ার যোগ্য তারাই হলেন প্রাপ্য ব্যক্তি (**EP**)। প্রত্যেক **EP**-কে প্রকল্প থেকে পরিচয়পত্র প্রদান করা হবে।
- পরিচয়পত্র প্রাপ্ত ব্যক্তিকে প্রাপ্যযোগ্য ব্যক্তি বা Entitled Person (EP) ইপি হিসেবে বিবেচনা করা হবে। পরিচয়পত্র পাওয়ার জন্য ইপিকে তাঁর প্রয়োজনীয় প্রমাণপত্র (যা তাকে ক্ষতিগ্রস্ত সম্পদ/সম্পত্তির মালিক হিসেবে প্রমাণ করবে) দাখিল করতে হবে।
- ক্ষতিপূরণ সহায়তার জন্য যোগ্য পরিবার বা ব্যক্তি বা সংস্থার পক্ষে আইনানুগ বা সমাজ স্বীকৃত অনুমোদিত ব্যক্তিকে যথাযথ পক্রিয়ায় শনাক্ত করে ছবিসহ পরিচয় পত্র প্রদান করা হবে।
- ক্ষতিপূরণ সংশ্লিষ্ট যেকোন সহায়তার জন্য এই পরিচয়পত্র বাধ্যতামূলক।

- **ইপি (EP) ফাইল**

- উক্ত পরিচয়পত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তির সমুদয় ক্ষয়ক্ষতির হিসাব একটি খতিয়ানভূক্ত করা হবে। এই খতিয়ানকে প্রাপ্যযোগ্য ব্যক্তি খতিয়ান (Entitlement File/EP File) বা ইপি ফাইল বলা হবে।

- **ইসি (EC)**

- উক্ত খতিয়ানস্থিত সকল ক্ষয়ক্ষতির বিপরীতে পুনর্বাসন নীতিমালা অনুযায়ী প্রাপ্য নির্ধারণ করে একটি প্রাপ্য নথি Entitlement Card (EC)বা ইসি প্রনয়ণ করা হবে।

- **ক্ষতিগ্রস্তদের শনাক্তকরণ পদ্ধতি:**

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ কর্তৃক ক্ষতিগ্রস্তদের শনাক্ত করার জন্যে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

- RAC কর্তৃক আর্থ-সামাজিক জরিপের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও তাঁদের প্রাপ্য ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হয়েছে। JVC কর্তৃক সেটি যাচাই করা হয়েছে।
- জরিপের তথ্যের আলোকে কম্পিউটারে প্রোগ্রামের মাধ্যমে ইপি ও ইসি তৈরি করা হবে। সকল প্রাপ্য নির্ধারণেপুনর্বাসন নীতিমালা অনুসারে প্রাপ্যহার বিবেচনা করা হবে।
- এ বিষয়ে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষকে Resettlement Assistance Consultant, CCDB এর সহায়তা করছে।

**প্রাপ্যযোগ্য ব্যক্তি (ইপি)/EP কে পুনর্বাসন সহায়তা প্রদান প্রক্রিয়া**

- প্রত্যেক EP এর একটি ইউনিক আইডি নাম্বার সৃষ্টি করা হবে। আইডি কার্ড প্রস্তুত করতেক্ষতিগ্রস্ত ব্যক্তির ছবি স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর দ্বারা সত্যায়িত হতে হবে। আইডিকার্ড প্রকল্প কর্তৃপক্ষ এবং বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধি দ্বারা আইডি কার্ড স্বাক্ষরিত হবে।
- RAC ক্ষতিপূরণ প্রদানের জন্যে স্বীকৃত ইপির ক্ষেত্রে প্রত্যেক ইপির জন্য ইপি ও ইসি ফাইল তৈরি করবে।
- ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ থেকে পুনর্বাসন সহায়তার নগদঅর্থ গ্রহণের জন্য প্রত্যেক ইপিকে তফসীলী ব্যাংকের যে কোন শাখায় একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে বা হিসাব থাকতে হবে। হিসাব খোলার প্রক্রিয়ায় RAC প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- প্রস্তুতকৃত ইপি ও ইসি ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ পরীক্ষা করে প্রাক্কলিত ক্ষতিপূরণ/অনুদান ইপিদেরকে RAC-এর সহায়তায় পরিশোধের ব্যবস্থা করবে।
- ক্ষতিপূরণ/অনুদানের টাকার একাউন্ট চেক গ্রহণের জন্য স্থানের বিষয়টি EP- দেরকে অবহিত করা হবে।

**০৭। পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা:**

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট অফিসে পুর্নবাসন কাজ বাস্তবায়নের জন্য পুনর্বাসন ইউনিটরয়েছে। এই ইউনিট প্রকল্পের পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করবে।এ কাজে সিসিডিবি সহায়তা প্রদান করবে। ডিএমটিস ও প্রকল্পের জেনারেল কনসালট্যান্ট এনকেডিএম সিসিডিবি-র কার্যক্রম তত্ত্বাবধান করবে। External Monitoring Agency (EMA) হিসেবে নিয়োগপ্রাপ্ত সংস্থা Knowledge Management Consultant (KMC) পুনর্বাসন পদ্ধতি বিষয়ে মতামত প্রদান করবে। Development Partner JICA এ সংক্রান্ত কাজ মনিটরিং করবে।

**ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট অফিসের ঠিকানা।**

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
প্রবাসী কল্যান ভবন, লেভেল-১৪
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
ফোন: ০২-৫৫১৩৮৬৫২

**পুনর্বাসন কর্ম পরিচালনা ও বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা(RAC)**

- প্রকল্পের পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ কর্তৃক রিসেটেলমেন্ট এ্যাসিসট্যান্স কনসালটেন্ট (RAC) হিসেবে Christian Commission For Development in Bangladesh (CCDB) কে নিয়োগ দেওয়া হয়েছে। তাঁরা পুনর্বাসন বিষয়ে নীতিমালা ও সহায়তাসম্পর্কে ক্ষতিগ্রস্তদের অবহিত করবে এবং তাঁদেরকে ক্ষতিপূরণ গ্রহণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- রিসেটেলমেন্ট এ্যাসিসট্যান্স কনসালট্যা (RAC) ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট ও ক্ষতিগ্রস্তদের মধ্যে যোগাযোগ ও সহযোগিতার মাধ্যম হিসেবে কাজ করবে।
- রিসেটেলমেন্ট এ্যাসিসট্যান্স কনসালট্যান্ট (RAC)- কর্তৃক এর ইপিদের ছবিসহ পরিচয়পত্র প্রদান ও তাঁদের পুনর্বাসন অনুদান পরিশোধ ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদানে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষকে সহায়তা করবে।
- রিসেটেলমেন্ট এ্যাসিটেন্ট কনসালট্যান্ট (RAC) মাঠপর্যায়ে অফিস স্থাপন করছে। ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ তাদের পুনর্বাসন সংশ্লিষ্ট প্রয়োজনে রিসেটেলমেন্ট এ্যাসিসট্যান্স কনসালট্যা (RAC) এর মাঠপর্যায়ের অফিসে যোগাযোগ করতে পারবে।

**ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে রিসেটেলমেন্টএ্যাসিসট্যান্স কনসালট্যান্ট (RAC) এর প্রধান কার্যালয় অফিস ও মাঠ অফিসের ঠিকানা**

| **প্রধান কার্যালয়** | **মাঠ পর্যায়ে অফিস** |
|---|---|
| টিম লিডার<br>রিসেটেলমেন্ট এ্যাসিটেন্ট কনসালটেন্ট (RAC), সিসিডিবি<br>৮৮ সেনপাড়া<br>মিরপুর-১০, ঢাকা।<br>ফোন: ০২-৯০২০১৭০-৩ | এরিয়া ম্যানেজার<br>রিসেটেলমেন্ট এ্যাসিটেন্ট কনসালটেন্ট (RAC), সিসিডিবি<br>১২৬/১, ৪র্থ তলা সেনপাড়া, মিরপুর<br>ঢাকা-১২১৬।<br>ফোন: ০১৭১৭৮৬১৭৪০। |

**যৌথ জরিপ কমিটি (জেভিসি) /JVC**

জেভিসি'র প্রধান কাজ একটি নির্দিষ্ট ফরম্যাট ব্যবহার করে ক্ষতিগ্রস্ত এলাকার একটি নমুনা সমীক্ষা করা এবং প্রযোজ্য ক্ষেত্রে RAC দ্বারা তৈরি ক্ষতিগ্রস্ত ইপির ক্ষয়ক্ষতির সঙ্গে এই তথ্য তুলনা করা। এই ক্ষেত্রে, সমস্ত প্রাসঙ্গিক তথ্য ডিপো নির্মাণজনিত কম্পনের কারণে শুধুমাত্র প্রভাবিত অবকাঠামোর মালিকানা সম্পর্কিত হতে হবে। জেভিসি এর গঠন করা হবে নিম্নে বর্নিত প্রতিনিধি সমন্বয়ে:

১) পিডি DMTC কর্তৃক মনোনীত ম্যানেজার পর্যায়েরএকজন প্রতিনিধি-আহবায়ক।
২) গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি-সদস্য।
৩) PAPs থেকে একজন প্রতিনিধি-সদস্য।
৪) সাধারণ কনসালটেন্ট ( জিসি ) একজন প্রতিনিধি-সদস্য।
৫) RAC এরিয়া ম্যানেজার-সদস্য সচিব।

**কমিটির দায়িত্বাবলী:**

- ক্ষয়ক্ষতি নিরুপণে JVC, RAC কে তথ্য সংগ্রহের জন্য গাইড করবে।
- JVC ক্ষতিগ্রস্ত অবকাঠামোসহ সকল প্রকার ক্ষতির পর্যালোচনা ওযাচাই করবে।
- JVC নমুনার ভিত্তিতে PAPs সার্ভে তথ্য যাচাই করবে।

**সম্পদ মূল্যায়ন পরামর্শকযাচাই কমিটি (পিভিএসি)**

অধিগ্রহণের আওতাধীণ সম্পদের চলতি বাজার দর অনুযায়ী বদলি মূল্য নির্ধারনের জন্য সম্পদমূল্য যাচাই কমিটি **(Property Value Assesment Committee - PVAC)** সংক্ষেপে পিভিএসি গঠন করা হয়েছে।
PVAC এর প্রধান দায়িত্ব সংশ্লিষ্ট সংস্থা থেকে ক্ষতিগ্রস্ত বিভিন্ন শ্রেণীর অবকাঠামোর জন্য প্রতি ইউনিটের চলতি বাজার দর সংগ্রহ এবং নমুনা এর সমীক্ষা, ক্ষেত্র পরিদর্শন এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের সাক্ষাৎকারের মাধ্যমে তা যাচাই-বাছাই করা। এই যাচাই-বাছাইয়ের উপর ভিত্তি করে PVAC ক্ষতিগ্রস্ত সম্পদ ও অবকাঠামোর রিপ্লেসমেন্ট মূল্য অনুমোদনকারী কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করবে। বিভিন্ন ধরনের অবকঠামোর ইউনিট প্রতি চলতি বাজার দর নির্ধারণে কমিটি প্রকল্প এলাকার স্থানীয় সংশ্লিষ্ট জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের সঙ্গে পরামর্শ করতে পারবেন।

**PVAC** এর গঠন প্রণালী হবে নিম্নরূপ:
১) পিডি DMTC কর্তৃক মনোনীত ডিজিএম পর্যায়েরএকজন প্রতিনিধি-আহবায়ক।
২) গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি-সদস্য।
৩) জেনারেল কনসালটেন্ট ( জিসি ) একজন প্রতিনিধি-সদস্য।
৪) RAC থেকে একজন প্রতিনিধি-সদস্য।

৫) ম্যানেজার, (E&R)ইউনিট, DMRTDP-সদস্য সচিব।

PVAC এর কার্যাবলী–

- RAC, PWD, Forest Department এবং অন্যান্য সরকারি এজেন্সির কর্তৃক নির্ধারিত বদলী PVAC প্রয়োজনে অতিরিক্ত মাঠ তদন্তের মাধ্যমে পর্যালোচনা এবং যাচাইকরবে।
- তাঁরা সুপারিশ করবে এবং অনুমোদনের জন্য DMTC তে দাখিল করবে।
- PVAC এর সভায় তাঁরা সিদ্ধান্ত গ্রহণ করবে।
- দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**অভিযোগ নিরসন কমিটি (জিআরসি)**

পুনর্বাসন সুবিধা স্থানান্তর এবং অন্যান্য অভিযোগ নিরসনের জন্য Grievance Redress Committee (GRC) গঠন করা হবে। GRC নিম্নবর্ণিত সদস্য সমন্বয়েগঠিত হবে ।

১) DMTCL প্রতিনিধি-আহবায়ক।
২) পরিবেশ বিশেষজ্ঞ, জেনারেল কনসালটেন্ট -সদস্য।
৩) পুরুষ PAPs এর একজন প্রতিনিধি -সদস্য।
৪) মহিলা PAPs এর একজন প্রতিনিধি -সদস্য।
৫) লিগ্যাল উপদেষ্টা, RAC- সদস্য।
৫) এরিয়া ম্যানেজার, RAC , সদস্য সচিব।

GRC পুনর্বাসন সুবিধা ক্ষতিপূরণ এবং অন্যান্য সামাজিক ও পরিবেশগত বিষয় যা আদালতে আইনি মামলার অধীনে নয় তাঁর সমাধান করতে কর্তৃপক্ষের সঙ্গে সক্রিয় থাকবে। এ কমিটি RAC এর মাধ্যমে সংক্ষুব্ধ ব্যক্তি থেকে অভিযোগ গ্রহণ করবে। একটি নির্দিষ্টফরমাটে PAP গণ GRC- এর নিকট অভিযোগ দাখিল করবে।

**০৮। কিভাবে ক্ষতিগ্রস্ত অভিযোগকারীর অভিযোগ নিরসন করা হবে**

সংক্ষুব্ধ ব্যক্তি কোন ভয় ও ভীতি ছাড়া তাঁদের অভিযোগ দায়ের করতে পারবে। যেখানে প্রয়োজন , RAC অভিযোগনামার খসড়া তৈরিতে PAPs কে সহায়তা করবে। সকল অভিযোগ আহবায়ক, GRC বরাবর লিখিতভাবে দাখিল করতে হবে। অভিযোগকারী নিজে বা তাঁর নিয়োজিত প্রতিনিধি হিসেবে স্থানীয় প্রতিনিধি বা আইন উপদেষ্টা নিয়োগ করতে পারেন। স্থানীয়ভাবে নির্বাচিত প্রতিনিধিGRC কর্তৃক প্রণীত রায় লিখিতভাবে সংশ্লিষ্ট PAP কে জানাবেন। PAP যদি অসন্তুষ্ট হন তাহলে রায় আরও পর্যালোচনার জন্যজিআরসি বরাবর নিজেই আবেদন করতে পারবে। যদি PAP পুরোপুরি প্রতিকার না পেয়ে থাকে তাহলে সে প্রকল্প পরিচালক /MD, DMTC নিকট আপীল করতে পারবে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য। পিডি / এমডি প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত হবে। GRC এর সকল কাগজপত্র রেকর্ডেরএর জন্য RAC দ্বারা সংরক্ষণ করা হবে।

অভিযোগ নিস্পত্তির ধাপ

| | |
|---|---|
| ধাপ-১ | বাস্তবায়নকারী সংস্থা RAC কর্তৃক PAP দেরকে ক্ষতি ও প্রাপ্যতা সম্পর্কে অবগত করা হবে। যদি প্রযোজ্য হয়, PAPs পুনর্বাসনসুবিধা পেমেন্ট দাবী করবে। প্রাপ্তির জন্য RAC – এর মাধ্যমে আবেদন করবে।<br>যদি অসন্তুষ্ট হয়, তাহলে দ্বিতীয় ধাপে যেতে হবে। |
| ধাপ-২ | PAP জিআরসিতে আবেদন করবে। RAC কর্মীরা অভিযোগ প্রক্রিয়াকরণে সহায়তা করবে এবং অভিযোগ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে শুনানি অনুষ্ঠিত হবে। RAC কোন খরচ ব্যতীত জিআরসির লিখিত সিদ্ধান্তসমূহ লিখিতভাবে প্রস্তুত করবে। তারপর ৩য় ধাপে যেতে হবে। |

| | |
|---|---|
| ধাপ-৩ | আবেদন খুঁ টিয়ে দেখা GRC এর দায়িত্ব, যদি আবেদনের বিষয় GRC এর কাজের ক্ষেত্র ও সীমার বাইরে হয় তাহলে GRC যথাযথ কর্তৃপক্ষের কাছে আবেদন করতে পরামর্শ দিবে। যদি আবেদন GRC এর কাজের সীমার মধ্যে হয় তাহলে ৪র্থ ধাপে যেতে হবে। |
| ধাপ-৪ | GRC মামলার শুনানি সংক্ষুব্ধ PAP এর (সম্ভব হলে) উপস্থিতিতে অনুষ্ঠিত হবে এবং শুনানির কর্ম বিবরণী সংরক্ষণ করা হবে। যদি সমাধান হয় তাহলে সিদ্ধান্ত PAP কে জানাতে হবে। প্রকল্প পরিচালককে GRC সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা হবে। যদি সমাধান না হয় তাহলে ধাপ-৫ যেতে হবে। |
| ধাপ-৫ | যদি PAP কোন কারণে GRC'র সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে তিনি GRC সিদ্ধান্ত প্রদানের তারিখ থেকে ৭ দিনের মধ্যে GRC কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত পর্যালোচনার জন্য আবেদন করতে পারবে। তারপর ধাপ-৬ এ যেতে হবে। |
| ধাপ-৬ | পর্যালোচনা পিটিশন প্রাপ্তির পরGRC আবেদন প্রাপ্তির ৭ দিনের মধ্যে রিভিউ করবে এবং সিদ্ধান্ত গ্রহণ করবে। |
| ধাপ-৭ | যদি PAP পর্যালোচনাআবেদনের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন তাহলে তিনি প্রকল্প পরিচালক / DMRTDP বা এমডি / DMTC এর কাছে ৭ দিনের মধ্যে GRC'র সিদ্ধান্ত পর্যালোচনারআবেদন করতে পারেন। |
| ধাপ-৮ | প্রকল্প পরিচালক / DMRTDP বা এমডি / DMTC আপত্তি শোনার এবং আপীল প্রাপ্তির থেকে তিন সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত দিবেন। |

| অভিযোগ নিরসন কমিটির আহবায়কের ঠিকানা | মাঠ পর্যায়ে অফিস |
|---|---|
| পরিচালক ( অর্থ ও প্রশাসন)<br>ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট<br>প্রবাসী কল্যান ভবন, লেভেল-১৪<br>৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন ঢাকা-১০০০। | এরিয়া ম্যানেজার<br>রিসেটেলমেন্ট এ্যাসিসট্যান্স কনসালটেন্ট (RAC), সিসিডিবি<br>১২৬/১, সেনপাড়া, মিরপুর<br>ঢাকা-১২১৬।<br>ফোন: ০১৭১৭৮৬১৭৪০। |

**০৯। প্রাপ্যযোগ্য ক্ষতিগ্রস্তদের (EP) দের জ্ঞাতব্য**

পুনর্বাসন সহায়তার জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে বা ব্যক্তির পক্ষে আইনানুগ বা সমাজ স্বীকৃত অনুমোদিত ব্যক্তিকে যথাযথ প্রক্রিয়ায় শনাক্ত করে ছবিসহ পরিচয়পত্র প্রদান করা হবে। পুনর্বাসন সংশ্লিষ্ট যেকোন সহায়তার জন্য এই পরিচয়পত্র বাধ্যতামূলক।
পুনর্বাসন প্রক্রিয়ায় পরিচয়পত্র প্রাপ্ত ব্যক্তিদের প্রাপ্যযোগ্য ব্যক্তি (Entitled Person-EP) বা ইপি হিসেবে বিবেচনা করা হবে। প্রকল্প কর্তৃক অনুমোদিত গাইডলাইনের আলোকে ক্ষতিগ্রস্ত প্রাপ্য ব্যক্তিদেরকে ক্ষতিপুরণ প্রদান করা হবে।

**বিঃদ্রঃ** এই পুনর্বাসন পুস্তিকা শুধু ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের ডিপো এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য প্রযোজ্য হবে। পুনর্বাসন কর্মপরিকল্পনার কোন বিষয়ে কোন অসঙ্গতি দেখা দিলে তা পুনর্বাসন পরিকল্পনার কর্ম কাঠামো(RAP) এর আলোকে বিবেচনা করতে হবে।

**১০। ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের জন্য প্রনীত আইন**

মেট্রোরেল পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নির্মাণের জন্য ইতোমধ্যে শতভাগ সরকারি মালিকাধীন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) গঠন করা হয়েছে। মহান জাতীয় সংসদে ২৬ জানুয়ারি, ২০১৫ 'মেট্রোরেল বিল ২০১৫' পাশ হয়েছে। এই আইনের ২য় অধ্যায়ের ধারা ১১ তে বলা হয়েছে যে উক্ত অধ্যায়ের অধীন, প্রদত্ত কোন আদেশ বা গৃহীত কোন কার্যক্রমের বিরুদ্ধে কোন আদালত কোন মামলা বা দরখাস্ত গ্রহণ করবে না , বা গৃহীত বা গৃহীতব্য কোন কার্যক্রম সম্পর্কে কোনআদালত কোন প্রকার নিষেধাজ্ঞা জারি করতে পারবে না।